

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.১৮-৮২

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৯
১৯ অক্টোবর ২০২২

পরিপত্র

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) -এ বাংলা ও ইংরেজি বিষয়ের শিক্ষকদের নিয়োগ যোগ্যতা সংশোধন প্রসঙ্গে।


লক্ষ্য করা যাচ্ছে যে, বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩০০ নম্বরের বাংলা/ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান উল্লেখ থাকায় NTRCA কর্তৃক নিয়োগের সুপারিশকৃত ১০০ নম্বরের বাংলা/ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান ডিগ্রিধারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও এম.পি.ওভুক্ত করা হচ্ছে না।

০২। অপর দিকে বেসরকারি স্কুল/কলেজের ক্ষেত্রে বর্ণিত শিক্ষাগত যোগ্যতায় ৩০০ নম্বরের পাশাপাশি ১০০ নম্বরের স্নাতকসহ বাংলা/ইংরেজি/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীগণকে এম.পি.ওভুক্ত করা হচ্ছে।

০৩। এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা -২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এ উল্লিখিত সহকারী শিক্ষক (বাংলা) ও সহকারী শিক্ষক (ইংরেজি) এর শিক্ষাগত যোগ্যতা নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:

ক্রমিক	পদের নাম	বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের যোগ্যতা	বেতনস্কেল ও গ্রেড
১	সহকারী শিক্ষক (বাংলা)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	(১) গ্রেড-১০ ১৬০০০- ৩৮৬৪০/- (২) গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-
২	সহকারী শিক্ষক (ইংরেজি)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। অথবা (২) স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	(১) গ্রেড-১০ ১৬০০০- ৩৮৬৪০/- (২) গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(এ.কে.এম. লুৎফুর রহমান) ০৩/১০/২০২২
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-২)
ফোনঃ ৫৫১০১০৯০

নং-৫৭.০০.০০০০.০৫৬.২৬.০০১.১৮- ১২

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৯
১৯ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশীবাজার, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৮। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।


১৯/১০/২০২২

(এ.কে.এম. লুৎফর রহমান)

সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-২)

ফোনঃ ৫৫১০১০৯০